



বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
জাতীয় কার্যালয়, গাইড হাউজ
নিউ বেইলী রোড, ঢাকা- ১০০০
ইমেইল: bgguidesho@gmail.com



বিশ্ব চিন্তা দিবস ২০২১

বিশ্ব চিন্তা দিবস ২০২১ উপলক্ষে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের নবীন, প্রবীণসহ সর্বস্তরের গাইড সদস্য ও শুভানুধ্যায়ীদের জানাচ্ছি আন্তরিক শুভেচ্ছা ও সাদর সম্ভাষণ।

প্রতি বছরের ন্যায় এবারও আমরা একত্রিত হয়েছি “বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস্ সংস্থা” (ওয়াগস) এর প্রতিষ্ঠাতা লর্ড ওলেভ ব্যাডেন পাওয়েল ও লেডী ওলেভ ব্যাডেন পাওয়েল এর যুগ্ম জন্ম দিবস উদযাপনের সন্ধিক্ষণে। ওয়াগস এই বিশেষ দিনকে কেন্দ্র করে গাইড বিশ্বের ১৫২ টি দেশকে পৃথিবীর সকল প্রান্ত থেকে দিনটি উদযাপন করার জন্য আমন্ত্রণ জানায় এবং প্রতিবছর একটি প্রতিপাদ্য বিষয় নির্ধারণ ও Activity pack প্রেরণ করে। এ প্রতিপাদ্যকে কেন্দ্র করে গাইডের সকল সদস্যভুক্ত দেশ নানা কর্মসূচী ও প্রকল্প প্রণয়ন করে থাকে। ২০২১ এ বিশ্ব চিন্তা দিবসের প্রতিপাদ্য হচ্ছে “Let’s Stand Together for Peace” চলো শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে একত্রিত হই।

যুদ্ধের অবসান অর্থ শান্তি নয়। শান্তি হলো সকলের আত্মমর্যদা, সুরক্ষা ও সম্মান প্রতিষ্ঠা। শান্তির সংজ্ঞা ভিন্ন ভিন্ন ব্যক্তির নিকট ভিন্ন। কারো কাছে শান্তি অর্থ ব্যক্তিগত সুখ, কারো কাছে আবার প্রিয়জনের হাসিমাখা মুখ, কেউ আবার সমাজ থেকে দ্বন্দ-সংশয়, জুলুম ও জঘন্য আচরণগুলোর অবসান ঘটিয়ে শান্তি প্রতিষ্ঠা করতে চায়। শান্তি প্রতিষ্ঠা বলতে বোঝায়, সে কারণগুলো চিহ্নিত করে সুষ্ঠুভাবে সমাধান করা যা মানুষে মানুষে হানাহানি ও দ্বন্দ তৈরি করে। এ লক্ষ্যে সকল স্তরের মানুষের মধ্যে নিরপেক্ষ ও পরমতসহিষ্ণু মনোভাব গড়ে তুলতে হবে এবং ভিন্ন ভিন্ন মানুষের ভিন্নতাকে গ্রহণ করার মাধ্যমে আমরা শান্তি প্রতিষ্ঠা করতে পারবো।



বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস্ সংস্থা এমন একটি সংগঠন যা বিশ্বে শান্তি প্রতিষ্ঠা ও নেতৃত্ব বিকাশে ১১১ বছর যাবৎ কাজ করে যাচ্ছে। আর এই আনন্দঘন পরিবেশে অত্যন্ত আবেগের সাথে উল্লেখ করতে চাই যে, বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস্ সংস্থা ওয়াগস এ বছর নোবেল শান্তি পুরস্কারের জন্য মনোনীত হয়েছে। ওয়াগসের সদস্যভুক্ত দেশ হিসেবে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনও এই গৌরবের সমান অংশীদার। শান্তি প্রতিষ্ঠায় নিপীড়িত মানুষের পাশে দাঁড়াতে বিশ্বব্যাপী গাইড সদস্যরা সদা প্রস্তুত। ওয়াগস্ এর বিভিন্ন প্রকল্প যেমন **Stop the Violence, Free Being Me** ইত্যাদির পাশাপাশি বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন নিজস্ব কর্মসূচীর মাধ্যমে শান্তির জন্য কাজ করে যাচ্ছে।

করোনাকালীন দুর্যোগে গাইডের সকল অঞ্চল সুবিধা বঞ্চিত মানুষের পাশে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে। আর্থিক অনুদান ও জীবাণুনাশক হ্যান্ড স্যানিটাইজার, মাস্ক ইত্যাদি পৌঁছে দেবার জন্য গাইড সদস্যরা অগ্রণী ভূমিকা পালন করে। আমরা গর্বিত সাধারণের পাশে দাঁড়াতে পেরে। গাইড এসোসিয়েশনের কর্মকর্তা-কর্মচারীদের ০১ দিনের বেতন ও অন্যান্য স্বেচ্ছাসেবী সদস্যদের আর্থিক অনুদানে আমরা আপদকালীন তহবিল গঠন করতে সক্ষম হয়েছি। এ যাবৎ আমরা যেমন শান্তির মশালধারী হয়ে কাজ করে যাচ্ছি, সেই শান্তির মশালকে আমরা প্রজ্জলিত রাখতে চাই, চারপাশে নিভু নিভু মশালকে আরো প্রজ্জলিত করতে চাই। একে একে আমরা প্রত্যেকেই যেন শান্তির মশালধারী হয়ে উঠতে পারি আমাদের সেই প্রচেষ্টা অব্যাহত থাকবে। আর তাই আমরা মনেকরি আমাদের হৃদয়ে পাখি, গাইড, রেঞ্জার ও সকল পর্যায়ের সদস্যরাই ওয়াগস এর নোবেল শান্তি পুরস্কারের মনোনয়ন অর্জনের সমান অংশীদার। আমরা আমাদের এই প্রয়াশ অব্যাহত রাখতে চাই এবং আরো নতুন উদ্যমে কাজ করে যেতে চাই শান্তি প্রতিষ্ঠায়। আর এর জন্য প্রয়োজন সঠিক নেতৃত্ব এবং আরো প্রয়োজন **Diversity** (ভিন্নতাকে সাধুবাদ জানানো), **Inclusion** (একত্রে অংশগ্রহণ) & **Equity** (ন্যায্য বন্টন) নিয়ে কাজ করা। আমরা যদি এই তিনটি বিষয়কে পুরোপরি বুঝতে না পারি তবে তা শান্তি প্রতিষ্ঠায় অন্তরায় হয়ে থাকবে। আমরা প্রত্যেকেই হতে পারি সেই সচেতন নেতৃত্বের অংশ। ভিন্নতাকে গ্রহণ করে এক সাথে ন্যায্য বন্টন নিশ্চিত করে চলার মাধ্যমেই সম্ভব শান্তি প্রতিষ্ঠা। ২০১৯ সালে বিশ্ব চিন্তা দিবসের প্রতিপাদ্য বিষয় ছিল নেতৃত্ব। ২০২০ সালে আমরা কাজ করেছি **Diversity, Inclusion & Equity** নিয়ে। পূর্বের দুই বছরের প্রস্তুতির পর ২০২১ সালে অর্থাৎ এই বছর আমাদের লক্ষ্য যথার্থ নেতৃত্বের মাধ্যমে শান্তির প্রয়াশে কাজ করা।

আসুন আমরা স্মরণীয় এই দিনটিতে প্রতিজ্ঞা নবায়ন ও বিশ্ব চিন্তা দিবস তহবিলে অর্থ দান করি। সম্মিলিত ভাবে বিভিন্ন বাস্তবমুখী পদক্ষেপ গ্রহণ করে “বিশ্ব চিন্তা দিবস” এর প্রতিপাদ্যকে স্বার্থক করে তুলি।

২০২১ সালের বিশ্ব চিন্তা দিবসের সকল উদ্যোগ সফল হোক।

০৯ ফাল্গুন ১৪২৭
২২ ফেব্রুয়ারি ২০২১
জাতীয় কার্যালয়, গাইড হাউজ



কাজী জেবুন্নছা বেগম
জাতীয় কমিশনার
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন